

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৩১৪
আগরতলা, ১৮ জুলাই, ২০১৭

ত্রিপুরা বনধ : অফিস খোলা থাকবে

রাজ্য সরকারের সমস্ত অফিস, আধা সরকারী ও সরকারী সংস্থাগুলি আগামীকাল যথারীতি খোলা থাকবে। উল্লেখ্য, আগামীকাল ১৯ জুলাই একটি রাজনৈতিক দলের পক্ষ থেকে সারা রাজ্যে ১২ ঘন্টার ত্রিপুরা বনধের ডাক দেওয়া হয়েছে। এই দিন রাজ্য সরকারের সব কর্মচারী, আধা সরকারী ও সরকারী সংস্থার কর্মীদের কর্মস্থলে যোগ দিতে হবে। কোন কর্মচারী এই আদেশ অমান্য করলে কঠোর পদক্ষেপ নেওয়া হবে। রাজ্য সরকারের সাধারণ প্রশাসন (এ আর) থেকে আজ এক বিজ্ঞপ্তিতে এ সংবাদ জানানো হয়েছে।
